২৮৩৭৭।৮

দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 15 JAN ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ...

# ডিগ্রী পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ ॥ কর্তৃপক্ষ নির্বিকার

রেজানুর রহমান ॥ দেশের বিভিন্ন স্থান থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উঠলেও কর্তৃপক্ষ এ ব্যাপারে কিছুই বলছেন না। বাংলা পরীক্ষার দিন গাইবান্ধায় প্রশ্ন ফাঁস হয়েছে বলে বিভিন্ন পত্রিকায় রিপোর্ট প্রকাশিত হয়েছে। দর্শন পরীক্ষার মূল প্রশ্নপত্রের সঙ্গে রংপুর, দিনাজপুর, ঠাকুরগাঁও, সৈয়দপুর ও নীলফামারীতে ফাঁস হয়ে যাওয়া প্রশ্নপত্রের বেশ মিল পাওয়া গেছে। এর পরও কর্তৃপক্ষ কোন (২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ডিগ্রী পরীক্ষায়

(প্রথম পৃঃ পর)

বক্তব্য দেননি। গতকাল মঙ্গলবার ছিল ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্রের পরীক্ষা। ইত্তেফাকের রংপুর সংবাদদাতা জানিয়েছেন, শুধু রংপুর নয়, উত্তরবঙ্গের ৮টি জেলায় প্রশ্নপত্র ফাঁস হয়েছে। কোথাও কোথাও চড়া মূল্যে প্রকাশ্যে প্রশ্নপত্রের হাতে লেখা কপি বিক্রি হয়েছে। সোমবার অনুষ্ঠিত পরীক্ষার মূল প্রশ্নপত্রের সঙ্গে ফাঁস হয়ে যাওয়া প্রশ্নপত্রের ছয়টি প্রশ্নের হুবহু মিল পাওয়া গেছে। এর পরও জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন বক্তব্য দেননি। ঢাকা থেকে পরিস্থিতি যাচাই করার জন্য বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কোন কর্মকর্তাকেও পাঠান হয়নি উত্তরবঙ্গের সংশ্লিষ্ট জেলায়। গতকাল রাতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক এ ব্যাপারে বলেন, আমরা অভিযোগ পেয়েছি কিন্তু অভিযোগ প্রমাণিত হয়নি। তবুও সংশ্লিষ্ট জেলা প্রশাসককে পরিস্থিতি সম্পর্কে জানানোর জন্য বলা হয়েছে। তাদের প্রতিবেদন পাওয়ার পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

এদিকে নাম প্রকাশে অনিচ্ছুক একটি সূত্র জানায়, একটি সংঘবদ্ধ দল উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় প্রশ্ন ফাঁসের সঙ্গে জড়িত রয়েছে। ফাঁস করা প্রশ্নপত্রের সঙ্গে মূল প্রশ্নের অনেক মিল পাওয়া যাচ্ছে। এর ফলে পরীক্ষার্থীদের কেউ কেউ পড়াশুনা ছেড়ে ফাঁস করা প্রশ্নপত্রের খোঁজে ব্যস্ত সময় কাটাচ্ছে। উদ্ভূত পরিস্থিতিতে সবচেয়ে বিপাকে পড়েছে মেধাবী ছাত্র-ছাত্রীরা।